

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
মায়ামী, ফ্লোরিডা

নং- ১৯.০২.১০০৫.৪০১.১৮.০০১.২২-২৫৬

তারিখঃ ৮ অক্টোবর ২০২৪

**বিজ্ঞপ্তি**

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মায়ামী আগামী ২৩-২৪ নভেম্বর ২০২৪ তারিখে ফ্লোরিডার কিসিমি/অরল্যান্ডোতে ভ্রাম্যমাণ কনস্যুলার ক্যাম্পের মাধ্যমে কনস্যুলার সেবা প্রদান করবে।

**সেবার ধরণঃ**

- ই-পাসপোর্ট (অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ সাপেক্ষে)
- নো ভিসা রিকোয়ার্ড (NVR) এনডোর্সমেন্ট
- পাওয়ার অব অ্যাটর্নি সত্যায়ন
- অন্যান্য ডকুমেন্ট সত্যায়ন
- দ্বৈত নাগরিকত্বের আবেদন গ্রহণ
- ট্রাভেল পারমিট (যাদের বাংলাদেশী পাসপোর্টের মেয়াদ অতিক্রান্ত হয়েছে এবং জরুরি ভিত্তিতে বাংলাদেশে যেতে হবে কেবল তাদের জন্য)

**সেবা প্রদানের স্থানঃ**

Osceola Heritage Park, 1875 Silver Spur Ln, Kissimmee, FL 34744

**সেবা প্রদানের সময়ঃ**

২৩ নভেম্বর ২০২৪ (শনিবার), সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা এবং  
২৪ নভেম্বর ২০২৪ (রবিবার), সকাল ১১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

০২। প্রয়োজনীয় সকল ডকুমেন্টের মূল কপি ও ফটোকপি সাথে আনার জন্য এবং মানি অর্ডার/ পোস্টাল অর্ডার/ ব্যাংক সার্টিফাইড চেক/ ক্রেডিট কার্ড (৩% বণিক চার্জ প্রযোজ্য)- এর মাধ্যমে সরকার কর্তৃক নির্ধারিত কনস্যুলার সেবা ফি প্রদানের জন্য সেবা গ্রহীতাদের বিনীত অনুরোধ জানানো যাচ্ছে (নগদ অর্থ ও ডেবিট কার্ড গ্রহণযোগ্য না)।

০৩। প্রতিটি সেবার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস/ছবি ও কনস্যুলার সেবা সংক্রান্ত অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুনঃ

<https://florida.mofa.gov.bd>  
<https://www.facebook.com/CGBDMiami>

বি.দ্রঃ এ ভ্রাম্যমাণ কনস্যুলার ক্যাম্পে বাংলাদেশী ই-পাসপোর্ট সেবা গ্রহণের জন্য <https://www.epassport.gov.bd> ওয়েবসাইটে ই-পাসপোর্টের আবেদন সম্পন্ন করে [cgbdmiami@gmail.com](mailto:cgbdmiami@gmail.com) ইমেইল ঠিকানায় আবেদন পত্রের কপি প্রেরণপূর্বক অ্যাপয়েন্টমেন্ট গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। সংশ্লিষ্ট ওয়েবসাইটে আবেদন সম্পন্ন না করে অথবা ইমেইলের মাধ্যমে অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ ব্যতীত ই-পাসপোর্ট সেবা প্রদান করা সম্ভব হবে না। উল্লিখিত দিনে প্রয়োজনীয় সকল ডকুমেন্টস সাথে নিয়ে বায়োমেট্রিক ডাটা প্রদানের জন্য আবেদনকারীকে সশরীরে ভ্রাম্যমাণ ক্যাম্পে আসতে হবে।

  
০৬/১০/২৪

(মোঃ সামাউন খালিদ)

কনসাল ও দূতালয় প্রধান

ফোনঃ +১ (৩০৫) ৬৪০ ৫০৩৫

ইমেইলঃ [hoc.miami@mofa.gov.bd](mailto:hoc.miami@mofa.gov.bd)